

সিফাতুল

ইসলামিক স্টাডিজ বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দেশের অন্য সকল বিশ্ববিদ্যালয় অপেক্ষা অনেক বেশী বিষয় বা বিভাগ বিদ্যমান। এখানে প্রায় ৪৩টি বিভাগ রয়েছে, তন্মধ্যে ইসলামিক স্টাডিজ নামে একটি স্বতন্ত্র বিভাগও আছে। ১৯৮২ সালেও এ বিভাগ আরবী বিভাগের সাথে সংযুক্ত বা আরবী ও ইসলামিক স্টাডিজ একটি বিভাগ হিসেবে পরিচিত ছিল। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আজও আরবী ও ইসলামিক স্টাডিজ মিলে একটি বিভাগ। অন্য বিশ্ব বিদ্যালয়গুলোতে তাও নেই। বাংলাদেশ দ্বিতীয় বৃহত্তম মুসলিম

রাষ্ট্র। এখানকার জনগণ ইসলাম ভাবাপন্ন, যদিও রাষ্ট্রীয়ভাবে ইসলামী আইন-কানুন কার্যকর নয়। বহু আন্দোলনের বিনিময়ে কিছুদিন পূর্বে ইসলামী বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় ঢাকার অদূরে টঙ্গীতে প্রতিষ্ঠিত হয়। এ বছর ৪টি বিভাগে 'তিনশ' ছাত্র নিয়ে যাত্রা হয়। এখন পর্যন্ত তার পূর্ণাঙ্গ রূপরেখা সম্পর্কে আমরা অজ্ঞাত।

যাক, ইসলামী বিশ্ববিদ্যালয় আমার আলোচ্য বিষয় নয়। আমার বিষয় হলো ইসলামিক স্টাডিজ, যেখানে বাংলাদেশ মুসলিম প্রধান রাষ্ট্র এবং সংখ্যাগরিষ্ঠ লোকের ধর্ম ইসলাম হবার পরও এখানকার সব বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে

ইসলামিক স্টাডিজ বিভাগ নেই। এবং দশম শ্রেণীতে ইসলামিয়াতকে ঐচ্ছিক বিষয় হিসেবে রাখা হয়েছে, এর চেয়ে দুঃখজনক বিষয় আর কি হতে পারে। প্রয়োজন ছিল ইসলামিক স্টাডিজকে একটি বিভাগ নয়, একটি ফ্যাকালটি হিসেবে রূপ দেয়া। কারণ হলো, আমরা দেখতে পাই— বিশ্ববিদ্যালয়গুলোতে যে সব বিষয় অনার্স পড়া হচ্ছে তা সম্পূর্ণ একটি মাত্র বিষয়ের উপর যেমন বাংলা, ইংরেজী, আরবী, দর্শন, সমাজ বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান, অর্থনীতি, বাণিজ্য ইত্যাকার বিষয়। আর ইসলামিক স্টাডিজও একটি বিষয়। তবে, এখানে পড়া হয় তাফসীর, হাদীস, উসুলুত তাফসীর ও হাদীস, ফিকহ, উসুলুল ফিকহ, আকাঙ্গিদ, ইসলামী অর্থনীতি,

সমাজ ও রাষ্ট্রনীতি, ইসলামী আদর্শবাদ, মুসলিম দর্শন ও সীরাত সাহিত্য ইত্যাদি। বিভাগ হলো একটি পড়া উপরোল্লিখিত সকল বিষয়। এতে করে ছাত্র-ছাত্রীরা কোন একটি বিষয়ে পারদর্শী হতে পারে না। এবং সব বিষয় থেকে একটু আধটু করে পড়ে কোন বিষয়ে পূর্ণাঙ্গ অভিজ্ঞ হওয়া সম্ভব নয়।

এই জন্য প্রয়োজন ইসলামিক স্টাডিজকে একটি বিষয় নয়, একটি ফ্যাকালটি হিসেবে রূপ দিয়ে তার আওতাভুক্ত বিষয়ের উপর অনার্স কোর্স চালু করা। তা হলে ইসলামিক স্টাডিজের সার্থকতা হবে এবং এর উপর অভিজ্ঞ লোক সৃষ্টি হবে।

—মুহাম্মদ এরশাদ উল্যাহ ভূয়া,
ঢাকা বিশ্ববিদ্যালয়।